

**শুল্ক/সম্পূরক শুল্কহারের পুনর্বিन्यास :**

- (ক) চলতি ২০১৪-২০১৫ অর্থবছরে বিদ্যমান পাঁচ স্তর বিশিষ্ট শুল্কহার ০%, ২%, ৫%, ১০%, ও ২৫% এর পরিবর্তে আগামী ২০১৫-২০১৬ অর্থবছরে ০%, ১%, ২%, ৫%, ১০% ও ২৫% এ পুনর্বিन्याস করা হয়েছে।
- (খ) বিদ্যমান ১২ স্তর বিশিষ্ট সম্পূরক শুল্কহার পুনর্বিन্যাस করে ১১ স্তর বিশিষ্ট সম্পূরক শুল্কহার ১০%, ২০%, ৩০%, ৪৫%, ৬০%, ১০০%, ১৫০%, ২০০%, ২৫০%, ৩৫০% ও ৫০০% কার্যকর করা হয়েছে।
- (গ) সর্বোচ্চ শুল্ক হার ২৫% প্রযোজ্য রয়েছে এমন পণ্যের ক্ষেত্রে (কতিপয় ব্যতিক্রম ছাড়া) এবং শুল্কহার ১০% প্রযোজ্য রয়েছে এমন পণ্যের মধ্যে কিছু কিছু পণ্যের ক্ষেত্রে বর্তমানে বলবৎ ৫% রেগুলেটরী ডিউটি ২০১৫-২০১৬ অর্থবছরে হ্রাস করে ৪% করা হয়েছে, যা ১ জুলাই, ২০১৫ হতে কার্যকর হবে। তবে, বিশেষ রেয়াতি সুবিধা প্রযোজ্য রয়েছে, এমন পণ্য যথারীতি রেগুলেটরী ডিউটি এর আওতা বহির্ভূত রাখা হয়েছে।
- (ঘ) বর্তমানে মোটর গাড়ী আমদানিতে প্রযোজ্য শুল্ক-কর হার ও গাড়ির সিলিন্ডার ক্যাপাসিটি ভিত্তিক শুল্ক স্তর (slab) আগামী ২০১৫-২০১৬ অর্থবছরেও অপরিবর্তিত রাখা হয়েছে। তবে Electric Motor Vehicle এর জন্য পৃথক H.S. Code সৃজন করে ২০% সম্পূরক শুল্ক আরোপ করা হয়েছে।
- (ঙ) যাত্রী (অপর্যটক) ব্যাগেজ (আমদানি) বিধিমালা, ২০১২ এর আওতায়-
- বিধি-৩ এর উপ-বিধি (১) ও উপ-বিধি (২) এ আকাশ এবং জলপথে আগত ১২ (বার) বৎসর বা তদূর্ধ্ব বয়সের যাত্রীর সংগে আনীত ৬৫ (পঁয়ষট্টি) কিলোগ্রাম ওজনের মালামাল এবং ৩৫ (পঁয়ত্রিশ) কিলোগ্রাম ওজনের আনীত পরিধেয় বস্ত্র, ব্যক্তিগত ব্যবহার্য সামগ্রী, বই, সাময়িকী ও পড়াশুনার সামগ্রী বহনে নির্দিষ্টকৃত ব্যাগেজের শর্ত বিলুপ্ত করা হয়েছে।
  - বিধি-৩ এর উপ-বিধি (৩) তে আকাশ এবং জলপথে আগত ১২ (বার) বৎসরের কম বয়সের যাত্রীর ক্ষেত্রে অনধিক ৪০ (চল্লিশ) কিলোগ্রাম ওজনের মালামাল বহনে “৩২” (বত্রিশ ইঞ্চি) দৈর্ঘ্য বিশিষ্ট একটি স্যুটকেস বা ট্রাংক” এ আনার শর্ত বিলুপ্ত করা হয়েছে।
  - বিধি-১০ এ আমদানি নিয়ন্ত্রিত বা আমদানি নিষিদ্ধ পণ্য ব্যতীত অন্যান্য পণ্য ব্যাগেজ বিধিমালার আওতায় ন্যায়-নির্ণয়নপূর্বক ছাড় প্রদান সংক্রান্ত বিধান সংশোধন করা হয়েছে।

- 'তফসিল-২' এ উল্লিখিত Plasma, LCD, TFT, LED ও অনুরূপ প্রযুক্তির টেলিভিশনের শুদ্ধ-কর কিছুটা হ্রাস করে নিম্নরূপ পরিমাণে পরিশোধের বিধান করা হয়েছে, যথাঃ-

(ক) ২২" - ২৯" পর্যন্ত	১০,০০০/- টাকা
(খ) ৩০" - ৩৬" পর্যন্ত	১৫,০০০/- টাকা
(গ) ৩৭" - ৪২" পর্যন্ত	২০,০০০/- টাকা
(ঘ) ৪৩" - ৪৬" পর্যন্ত	৩০,০০০/- টাকা
(ঙ) ৪৭" - ৫২" পর্যন্ত	৫০,০০০/- টাকা
(চ) ৫৩" থেকে তদূর্ধ্ব	৭০,০০০/- টাকা

(চ) Tourist Baggage (Import) Rules, 1981 এর আওতায়-

- rule 2 এ উল্লিখিত পণ্যগুলির সাথে একটি non-professional video camera ও একটি personal computer of any type শুদ্ধ-কর মুক্তভাবে আনার বিধান করা হয়েছে।
- Rule 4 অনুযায়ী কোন পর্যটক non-professional video camera এবং সর্বোচ্চ 1 Megabyte RAM যুক্ত micro computer আনার ক্ষেত্রে তার C & F Value ১ লক্ষ টাকার নিচে আছে মর্মে তা Passport এ endorse করত: সহকারী কমিশনার এর নিম্নে নহেন, এরূপ কর্মকর্তার নিকট personal guarantee দেয়ার বিধান ছিল। বিধানটি বিলুপ্ত করা হয়েছে।

(ছ) ট্রান্সফার অফ রেসিডেন্স (Transfer of Residence) ব্যাগেজ (আমদানি) বিধিমালা, ২০০০ এর বিধি ৫ এ উল্লিখিত 'তালিকা' এর সাথে 'ভিডিও প্লেয়ার, হোম থিয়েটার, সিডি/ডিভিডি' অন্তর্ভুক্ত করা হয়েছে। এছাড়া তালিকায় বর্ণিত 'মাইক্রো কম্পিউটার' এর পরিবর্তে 'পারসোনাল কম্পিউটার/ল্যাপটপ' প্রতিস্থাপন করা হয়েছে। এছাড়াও ব্যবহার্য গৃহস্থালী পণ্যের মূল্য অনধিক ৫০০ (পাঁচশত) মার্কিন ডলার এর পরিবর্তে অনধিক ১ (এক) হাজার মার্কিন ডলার করা হয়েছে।

(জ) বিযুক্ত বাস, ট্রাক, মিনিবাস, মোটরকার, ট্রাক্টর ও মোটর সাইকেল আমদানি সংক্রান্ত জাতীয় রাজস্ব বোর্ডের অফিস স্মারক নং ৯(৪)কাস-১/৯৩/(অংশ-১)/১৬২/(১-৯), তারিখ ০৯/০৪/১৯৯৭ সংশোধন করে বিযুক্ত অবস্থায় মোটর সাইকেল আমদানির ক্ষেত্রে রং বিহীন অবস্থায় আমদানির বিধান অন্তর্ভুক্ত করা হয়েছে।